

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
নারায়ণগঞ্জ।

www.dss.narayanganj.gov.bd

স্মারক নং: ৪১.০১.৬৭০০.০০০.০১.০০১.১৩. ২৬০

তারিখ: ০৬/০৬/২০২১খ্রি.

পনঃ জরুরি বিজ্ঞপ্তি

সরকারি ভাতাপ্রাপ্ত ব্যক্তির বন্ধ সিম চালুকরণ সংক্রান্ত

অত্যন্ত আনন্দের সংগে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের দোরগোড়ায় সরকারি সেবা (Service at the door step)পৌঁছে দেওয়ার লক্ষ্যে গত ১৪/০১/২০২১খ্রি. তারিখে G2P (Government to Person) প্রক্রিয়ায় Mobile Financial Services (MFS) প্রতিষ্ঠান নগদ ও বিকাশের মাধ্যমে সমাজসেবা অধিদফতরের ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ কাজ শূভ উদ্বোধন করেছেন। এই কার্যক্রমে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে একজন ব্যক্তির কেবল একটি মোবাইল নম্বরে “নগদ” এর হিসাব থাকা আবশ্যিক। ইতোমধ্যে সকল ভাতাভোগী এই হিসাব খোলার কাজ সম্পন্ন করেছেন। কিন্তু বিভিন্ন কারণে ভাতাভোগীদের মোবাইল সিম বন্ধ থাকায় তাদের নিকট ভাতার টাকা পৌঁছানো সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় তাদের সিম চালু করার জন্য অনুরোধ করা হল।

২. এই বিষয়ে যে কোন ধরনের সহযোগিতার জন্য উপজেলা সমাজসেবা কার্যালয় সদর, বন্দর ও শহর সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য ভাতাভোগীদের পরামর্শ দেওয়া হল। আগামী ০৯/০৬/২০২১খ্রি. তারিখ বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে ব্যর্থ হলে তাদের ভাতা স্থায়ীভাবে বন্ধ হবে এবং কোন আপত্তি গ্রহণ হবে না।

উপজেলা ভিত্তিক বন্ধ সিমের হিসাবঃ

| ক্রঃনং | কার্যালয়ের নাম/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড সমূহ | সিম বন্ধ পাওয়ার সংখ্যা |
|-----------|--|--------------------------|
| ১ | উপজেলা সমাজসেবা কার্যালয়, নারায়ণগঞ্জ সদর (১,২,৩,৪,৫,৬,৭,৮,৯) | ৯৬ |
| ২ | শহর সমাজসেবা কার্যালয় (১০,১১,১২,১৩,১৪,১৫,১৬,১৭,১৮) | ১৯৬ |
| ৩ | উপজেলা সমাজসেবা কার্যালয়, বন্দর (১৯,২০,২১,২২,২৩,২৪,২৫,২৬,২৭) | ১৫৮ |
| সর্বমোট = | | ৪৫০ (চারশত পঞ্চাশ) টি |

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

মো: আসাদুজ্জামান সরদার
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
নারায়ণগঞ্জ
ফোন-৭৬৩৩৯৭৮
dd.narayanganj@dss.gov.bd